

১) নীচে দেওয়া শব্দগুলির সঙ্গে রা, বর্গ, বৃন্দ, কুল, মালা ইত্যাদি যোগ করে বহুবচনের রূপ লেখ।

- ক) শিক্ষক — শিক্ষকবৃন্দ  
খ) পর্বত — পর্বতমালা  
গ) বন্ধু — বন্ধুরা  
ঘ) ঋষি — ঋষিকুল  
ঙ) পরিবার — পরিবারবর্গ

২) নীচের সর্বনামগুলির একবচন করো।

<u>বহুবচন</u>	<u>একবচন</u>
ক) তোরা	তুই
খ) আপনারা	আপনি
গ) তাঁরা	তিনি
ঘ) ওদের	ওর
ঙ) কারা	কে

৩) বন্ধনী থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে শূন্যস্থানে লেখ।

(আমি, একশো টাকা, ছেলেরা, কলমটি, আমাদের)

- ক) ছেলেরা মাঠে ফুটবল খেলছে।  
খ) আমাদের বাড়ীতে আজ অতিথি আসবে।  
গ) মিঠুর কাছে একশো টাকা আছে।  
ঘ) আমি গান শিখি।  
ঙ) রবির কলমটি হারিয়ে গেছে।

৪) সঠিক উত্তরটির মাথায় (✓) চিহ্ন দাও।

- ক) 'লোক' শব্দটির বহুবচন — লোকেরা / অনেক লোক।  
খ) 'তোমরা' শব্দটির একবচন — তুমি / তারা।  
গ) 'বৃক্ষ' শব্দটির বহুবচন — বৃক্ষগুলি / বৃক্ষসকল।  
ঘ) 'ওরা' শব্দটির একবচন — ওকে / ও।  
ঙ) 'পণ্ডিত' শব্দটির বহুবচন — পণ্ডিতমণ্ডলী / পণ্ডিতবৃন্দ।